

তাগিদপত্র
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৩৭৭.২০-১০২৩

তারিখ: ৭ আষাঢ়, ১৪২৯

২১ জুন ২০২২

বিষয়: রিট পিটিশন নং ৯৪৭৪/২০২০ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ৯৪৭৪/২০২০-এর ১১/০১/২০২০ খ্রিষ্টাব্দের আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার সদর উপজেলার পাবনা পৌরসভার লাইসেন্স পরিদর্শক (অবসরপ্রাপ্ত) জনাব মো: বেলাল হোসেন-এর বিধি মোতাবেক আনুতোষিক-এর সাকুল্যে অর্থ প্রাপ্তির জন্য পিটিশনার কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ০৫(পাঁচ) জনকে প্রতিপক্ষ করে রিটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানি অন্ত্যে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি বুলনিশি জারি করেন। সরকারপক্ষে মামলাটি পরিচালনার জন্য এ বিভাগের আইন-১ শাখার ২৮/০৩/২০২১ খ্রিষ্টাব্দে ৬১৩নং স্মারকে বিজ্ঞ সলিসিটরকে দায়িত্ব প্রদান করা হয় এবং একই তারিখের ৬১৪নং স্মারকে দফাওয়ারি জবাব চেয়ে আপনাকে পত্র ইস্যু করা হয়। কিন্তু অদ্যাবধি দফাওয়ারি জবাব পাওয়া যায়নি। অধিকন্তু আদালতসূত্রে জানা যায় যে, মেয়র, পাবনা পৌরসভা কর্তৃক এ মোকদ্দমায় প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কোনো আইনজীবী নিয়োগ করা হয়নি।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৯৪৭৪/২০২০ মোকদ্দমার আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে...পাতা।

২১-৬-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

মেয়র, পাবনা পৌরসভা, পাবনা


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৩৭৭.২০-১০২৩/১(৫)

তারিখ: ৭ আষাঢ়, ১৪২৯

২১ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল অফিস, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
- ২) যুগ্মসচিব, নগর উন্নয়ন-২ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২১-৬-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব